

# যুগান্তর

প্রিন্ট: ০৯ মার্চ ২০২৫, ১০:২১ এএম

শিক্ষাঙ্গন

সরকারি মেডিকেল কলেজে ভর্তি

## প্রথম মাইগ্রেশনে সুযোগ পেলেন ১৭৩ শিক্ষ



যুগান্তর প্রতিবেদন

প্রকাশ: ০৬ মার্চ ২০২৫, ১০:৪৪ পিএম



চলতি ২০২৪-২৫ শিক্ষাবর্ষে সরকারি মেডিকেল কলেজে এমবিবিএস কোর্সে ভর্তিতে প্রথম দফা মাইগ্রেশনের তালিকা প্রকাশ করেছে স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর। অপেক্ষমাণ তালিকা থেকে স্বয়ংক্রিয় মাইগ্রেশন শেষে সরকারি মেডিকেল কলেজে শূন্য আসনে ১৭৩ শিক্ষার্থীকে প্রাথমিকভাবে ভর্তির জন্য মনোনীত করা হয়েছে।

বৃহস্পতিবার থেকে ১২ মার্চের মধ্যে মাইগ্রেশন হওয়া কলেজে ভর্তি সম্পন্ন করতে বলা হয়েছে। না হলে উভয় কলেজ হতে ছাত্রত্ব বাতিল হয়ে যাবে বলেও জানিয়েছে অধিদপ্তর। স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের পরিচালক (চিকিৎসা শিক্ষা) অধ্যাপক ডা. মো. মহিউদ্দিন মাতুব্বর স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে।

অপেক্ষমাণ তালিকা ও অভিপ্রায়ণের (মাইগ্রেশন) ফল স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইট [www.dgme.gov.bd](http://www.dgme.gov.bd) ও স্বাস্থ্য অধিদপ্তরের ওয়েবসাইট [www.dghs.gov.bd](http://www.dghs.gov.bd) থেকে জানা যাবে। এছাড়া, সংশ্লিষ্ট শিক্ষার্থীদের শুধু টেলিটকের ০১৫৫০-১৫৫৫৫৫ নম্বর থেকে ক্ষুদেবর্তার মাধ্যমে এ সংক্রান্ত তথ্য জানানো হবে।

মাইগ্রেশনে সুযোগপ্রাপ্ত ছাত্র-ছাত্রীদের কাগজপত্র সংশ্লিষ্ট মেডিকেল কলেজে শনিবারের (৮ মার্চ) মধ্যে পাঠানোর অনুরোধ জানিয়ে। বিজ্ঞপ্তিতে আরও বলা হয়, ভর্তির পূর্ণ তালিকা ও শূন্য আসনের (যদি থাকে) তথ্য সফট কপি ই-মেইলে ও হার্ড কপি আগামী ১৩ মার্চের মধ্যে পরিচালক, চিকিৎসা শিক্ষা শাখায় (স্বাস্থ্য অধিদপ্তর পুরাতন ভবন), বিশেষ বাহক মারফত পাঠানোর জন্য অনুরোধ করা হলো।

ভর্তিরত শিক্ষার্থীদের দ্বিতীয় দফায় অনলাইন মাইগ্রেশনের সময়সীমা ১২ মার্চ পর্যন্ত এবং অধ্যক্ষ কর্তৃক শিক্ষার্থীদের দ্বিতীয় মাইগ্রেশনের তথ্য টেলিটকের ওয়েব পোর্টালে অগ্রবর্তীকরণের শেষ তারিখ ১৩ মার্চ দুপুর ১২টা পর্যন্ত।

